

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রেস বিজ্ঞপ্তি
০৭ ডিসেম্বর ২০১৭, বৃহস্পতিবার

আজ বৃহস্পতিবার, ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখ বেলা ৪.১৫ ঘটিকায় বিশ্বব্যাংকের অর্থায়নে Bangladesh Regional Connectivity Project-1(Cr. No.6002-BD) শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে ১৫০ (একশত পঞ্চাশ) মিলিয়ন মার্কিন ডলারের একটি ঋণচুক্তি শের-ই-বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি-২ সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়। Bangladesh Regional Connectivity Project-1 এর উদ্দেশ্য আঞ্চলিক বাণিজ্য সুবিধা বৃদ্ধির জন্য বাণিজ্য অবকাঠামো ব্যবস্থার উন্নতি যার মাধ্যমে কম খরচে এবং কম সময়ে কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ আঞ্চলিক পরিবহন সম্পন্ন করা যায়। Bangladesh Regional Connectivity Project-1 এর আওতায় মোট ৩টি কম্পোনেন্ট রয়েছে এ ৩টি কম্পোনেন্ট-এর বাস্তবায়নের দায়িত্ব বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, নৌ পরিবহন মন্ত্রণালয়, WTO, Ministry of Commerce এবং জাতীয় রাজস্ব বোর্ডের কাস্টমস বিভাগের।

কম্পোনেন্ট-১: Investments in infrastructure, systems and procedures to modernize key selected land ports essential for trade with India and Bhutan (US\$ 75.00 million): বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, নৌ পরিবহন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িতব্য এ কম্পোনেন্টের আওতায় বর্তমান স্থলবন্দর সমূহের উন্নয়ন এবং সম্ভাব্য স্থান চিহ্নিতকরণের জন্য জরিপ পরিচালনা করা হবে।

কম্পোনেন্ট-২: Enhance trade sector coordination and productive capacity এ অংশটিতে ০৩ (তিন)টি sub component রয়েছেঃ

কম্পোনেন্ট-২(ক): (Component 1b in PCN): Develop (pilot) programs to support female traders and entrepreneurs Female traders and entrepreneur (US\$ 5.00 million): WTO, Ministry of Commerce কর্তৃক বাস্তবায়িতব্য এ কম্পোনেন্টের আওতায় female traders and entrepreneurs দের জন্য বাণিজ্য সুবিধা বাড়ানো হবে।

কম্পোনেন্ট-২(খ): Capacity Development Support for the National Trade and Transport Facilitation Committee (US\$ 2.00 million): WTO, Ministry of Commerce কর্তৃক বাস্তবায়িতব্য এ কম্পোনেন্টের আওতায় বাংলাদেশের সকল বাণিজ্য এবং পরিবহন সংক্রান্ত নীতি এবং কার্যক্রমের সমন্বয় সাধন করা হবে।

কম্পোনেন্ট-২(গ): Improvements to Bangladesh Trade portal and setting up a National Enquiry point for Trade (US\$ 1.00 million): WTO, Ministry of Commerce কর্তৃক বাস্তবায়িতব্য এ কম্পোনেন্টের আওতায় বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে ইতোমধ্যে স্থাপিত (মার্চ ২০১৬) Bangladesh Trade Portal এর অধিকতর উন্নয়ন এবং বিদ্যমান portal টির scope বৃদ্ধি করা হবে।

কম্পোনেন্ট-৩: Customs Modernization and National Single Window Development(US\$ 67.00 million): জাতীয় রাজস্ব বোর্ডের কাস্টমস বিভাগ কর্তৃক বাস্তবায়িতব্য এ কম্পোনেন্টের আওতায় বাণিজ্য সম্পর্কিত বিভিন্ন প্রতিবন্ধকতা চিহ্নিত করা এবং তা উত্তরণের উপায় নির্ধারণ করা হবে।

বাংলাদেশ সরকারের পক্ষ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব কাজী শফিকুল আযম এবং বিশ্বব্যাংকের পক্ষে ঢাকা অফিসের কান্ট্রি ডিরেক্টর Mr. Qimiao Fan উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিসহ বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উপর্যুক্ত ঋণের উপর বিশ্বব্যাংককে Disbursed Amount এর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ এবং অনুভোলিত অর্থের উপর প্রযোজ্য ক্ষেত্রে ০.৫% হারে কমিটমেন্ট ফি প্রদান করতে হবে। তবে চলতি অর্থবছরসহ দীর্ঘ দিন ধরে কমিটমেন্ট ফি মওকুফ রয়েছে। এ ঋণের অর্থ ৬ (ছয়) বছরের গ্রেস পিরিয়ড সহ ৩৮ বছরে পরিশোধযোগ্য। প্রকল্পটি বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, নৌ পরিবহন মন্ত্রণালয়, WTO, Ministry of Commerce এবং জাতীয় রাজস্ব বোর্ডের কাস্টমস বিভাগের সমন্বয়ে জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হবে।

Handwritten signature and date: ৭/১২/২০১৭